অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে 10/4/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল গৃহহীন, অক্ষম এবং বয়স্ক সাপ্লিমেন্টল নিউট্রিশন অ্যাসিস্ট্যানস প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP) প্রাপকদের প্রস্তুত করা খাবার কেনার জন্য সহায়তা করতে আইনে স্বাক্ষর করেছেন

আইন (S.64/A.1524) রাজ্যব্যাপী রেস্টুরেন্টের খাবার প্রোগ্রাম তৈরি করে; ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ এগ্রিকলচারের (United States Department of Agriculture, USDA) অনুমোদনের জন্য আবেদন করতে অফিস অফ টেম্পরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যানসকে (Office of Temporary and Disability Assistance, OTDA)-কে আদেশ দেয় যাতে SNAP প্রাপকরা প্রস্তুত করা খাবার কিনতে পারেন

USDA অনুমোদন করলে, তা SNAP প্রাপকদের অংশগ্রহণকারী রেস্তোরাঁ এবং ডেলিস প্রোগ্রাম প্রস্তুত বা গরম খাবারের জন্য তাদের সুবিধাগুলি ব্যবহার করতে সাহায্য করবে

বিপন্ন পরিবারগুলিকে খাওয়ানোর সাথে সাথে অসফল রেস্তোরাঁগুলিকে উৎসাহিত করতে, সফল নারিশ নিউ ইয়র্ক উদ্যোগের উপর ভিত্তি করে 25 মিলিয়ন মার্কিন ডলারের রেস্তোঁরা রেজিলিয়েন্সি প্রোগ্রাম চালু করেছে

রেস্তোরাঁগুলি এখানে আবেদন করতে পারেন আজ শুরু হওয়া রেজিলিয়েন্সি প্রোগ্রামের জন্য

গভর্নর ক্যাথি হোচুল আজ পরিপূরক পুষ্টি সহায়তা কর্মসূচি বা SNAP এর অংশ হিসাবে একটি রাজ্যব্যাপী রেস্তোরাঁ খাবার প্রোগ্রাম প্রতিষ্ঠা করে আইন (S.64/A.1524) এ স্বাক্ষর করেছেন। আইনটি নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্সকে প্রোগ্রাম অনুমোদনের জন্য USDA অনুমোদনের জন্য আবেদন করার নির্দেশ দেয়, যা গৃহহীন, বয়স্ক এবং প্রতিবন্ধী SNAP প্রাপকদের অংশগ্রহণকারী রেস্তোরাঁ থেকে প্রস্তুত করা বা গরম খাবারের জন্য তাদের সুবিধাগুলি ব্যবহার করার অনুমতি দেবে। গভর্নর হোচুল 4 অক্টোবর ব্রুকলিন, NY এর ব্রাউনসভিল রিক্রিয়েশন সেন্টারে এই আইনে স্বাক্ষর করেন।

গভর্নর রেস্তোরাঁ শিল্পকে ত্রাণ প্রদান করতে 25 মিলিয়ন মার্কিন ডলারের রেস্তোঁরা স্থিতিস্থাপকতা কর্মসূচি চালু করারও ঘোষণা করেছেন, যা এখনও কোভিড-19 মহামারীর

মারাত্মক চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে। সংসদ কর্তৃক প্রস্তাবিত এই কর্মসূচী সফল নারিশ নিউ ইয়র্ক উদ্যোগের উপর ভিত্তি করে গড়ে উঠবে। এটি নিউ ইয়র্কের খাদ্য ব্যাংকের নেটওয়ার্ক এবং জরুরী খাদ্য সরবরাহকারীদের নিউ ইয়র্ক রেস্তোরাঁ থেকে প্রস্তুত খাবার কীনতে এবং বিপন্ন পরিবারগুলির কাছে পৌঁছে দেওয়ার জন্য তহবিল সরবরাহ করবে।

"এটা অযৌক্তিক যে নিউইয়র্কের মতো সমৃদ্ধ একটি রাজ্যে, অনেক বাসিন্দা এখনও তাদের পরিবারকে খাওয়ানোর জন্য পর্যাপ্ত খাবার পাওয়ার জন্য সংগ্রাম করতে হয়," **গভর্নর হোচুল বলেন।**"আমরা যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি - সব চেয়ে বিপন্ন নিউ ইয়র্কবাসীদের নিজেদের খাওয়ানো এবং এই ভয়ঙ্কর মহামারী থেকে রেস্তোরাঁগুলিকে পুনরুদ্ধারে সহায়তা করার জন্য দুটি রেস্তোঁরা প্রোগ্রাম প্রতিষ্ঠা করা - রাজ্য জুড়ে গৃহে খাবার প্রদান করার জন্য এক সাথে কাজ করবে। এই মহামারীটি নিউ ইয়র্কের বিপুল সংখ্যক মানুষের আর্থিক অবস্থা এবং গৃহগুলিকে প্রভাবিত করে চলেছে এবং আমরা তাদের এবং তাদের প্রিয়জনদের সহায়তা করার জন্য যেকোনো এবং সমস্ত পদক্ষেপ নিচ্ছি।"

লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন, "গভর্নর হোচুল আজ যে পদক্ষেপ নিচ্ছেন তা কোভিড থেকে পুনরোদ্ধার পাওয়া পরিবার এবং রেস্তোরাঁদের কাছে স্পষ্ট করে দেয় যে নিউ ইয়র্ক স্টেট তাদের পাশে আছে। অংশগ্রহণকারী রেস্তোরাঁয় প্রস্তুত বা গরম খাবারের জন্য SNAP বেনিফিটের যোগ্যতা প্রসারিত করা নিউ ইয়র্কের বিপন্ন পরিবারগুলিকে খাওয়ানোতে সাহায্য করবে এবং তার সাথে যে স্থানীয় ব্যবসাগুলি লড়াই করছে তাদের প্রয়োজনীয় উদ্দীপনা প্রদান করবে। 25 মিলিয়ন মার্কিন ডলার রেস্তোরাঁর স্থিতিস্থাপকতা কর্মসূচি চালু হওয়ার সাথে, যা আমি সেনেটে সমর্থন করেছিলাম, এটি আমাদের পুনরুদ্ধারকে আরও সমতাপূর্ণ নিউ ইয়র্কের দিকে অগ্রসর করতে অনেকখনি সাহায্য করবে।"

USDA দ্বারা একবার রাজ্যব্যাপী রেস্তোরাঁর খাবার কর্মসূচি অনুমোদিত হলে, তা SNAP প্রাপকদের অংশগ্রহণকারী রেস্তোরাঁ এবং ডেলিস থেকে কম দামে প্রস্তুত করা বা গরম খাবারের জন্য তাদের সুবিধাগুলি ব্যবহার করতে দেবে।

এই আইনে স্বাক্ষরের আগে, নিউইয়র্ক স্টেটে SNAP প্রাপকরা প্রস্তুতকৃত পণ্য ক্রয়ের জন্য তাদের সুবিধাগুলি ব্যবহার করতে পারতেন না। এটি এমন অনেক জনসংখ্যাকে যাদের নিজেদের রান্না বা খাবার তৈরির অ্যাক্সেস নেই, তাদের SNAP সুবিধাগুলি ব্যবহার করা প্রতিরোধ করে। এটি মূলত গৃহহীন, অক্ষম এবং বয়স্ক জনগোষ্ঠীকে প্রভাবিত করে।

সিনেট সোশ্যাল সার্ভিসেস কমিটির (Senate Social Services Committee) চেয়ারম্যান সিনেটর রোকসান পারসাউড বলেন, "আজ স্বাক্ষরিত আইনটি চূড়ান্তভাবে বয়স্ক, প্রতিবন্ধী বা গৃহহীন নিউ ইয়র্কবাসীদের জন্য আরও গরম খাবারের বিকল্প হতে পারে যাদের প্রাথমিক রান্নার সুবিধা নেই বা যারা শারীরিকভাবে খাদ্য প্রস্তুত করতে অক্ষম। খাদ্য নিরাপত্তাহীনতা বৈষম্যমূলক নয়, এবং আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ প্রতিবেশীদের জন্য সমস্ত বিকল্প উপলব্ধ থাকতে হবে। আমি এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য এবং এই বছরের বাজেটে 25 মিলিয়ন মার্কিন ডলার রেস্তোরাঁর স্থিতিস্থাপকতা কর্মসূচি চালু করার জন্য গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই। নিউ ইয়র্ক স্টেট জুড়ে কোভিড-19 খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানগুলিকে বিপন্ন

করেছে; এই প্রোগ্রামটি রেস্তোঁরাগুলিকে সাহায্য করবে আমাদের যে প্রতিবেশীরা ক্ষুধার সম্মুখীন, তাদের সাহায্য করতে।"

সংসদ সদস্য ক্যারিনস রেইস বলেন, "মহামারীটি আমাদের রাজ্যে খাদ্য নিরাপত্তাহীনতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছে। খাদ্য নিরাপত্তাহীনতার এই ঝুঁকি আমি আমার জেলায় দেখেছি এবং এই ঝুঁকি আমাদের বয়স্ক, অক্ষম এবং গৃহহীন জনগোষ্ঠীর জন্য আরও বেশি। এজন্যই আমি এই বিলটি অ্যাসেম্বলিতে পাস করার জন্য প্রবর্তন করেছি এবং কাজ করেছি, যাতে নিউ ইয়র্ক রেস্তোরাঁর খাবার প্রোগ্রামে যোগ দিতে পারে। এটি নিশ্চিত করে যে SNAP এর সব চেয়ে ঝুঁকিপূর্ণ প্রাপকদের জন্য ব্যবস্থা করা হয়েছে এবং অংশগ্রহণকারী রেস্তোরাঁ থেকে প্রস্তুত করা বা গরম খাবার পাবেন - এবং এ সবই হবে যেসব রেস্তোরাঁগুলি এখনও পুনরুদ্ধারের প্রক্রিয়ায় রয়েছে তাদের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার সাথে।"

অ্যাসেম্বলি সদস্য রবার্ট জে. রড্রিগেজ বলেন, "মহামারী নিউ ইয়র্ক স্টেট রেস্তোরাঁ শিল্পের রাজস্বের উপর অভূতপূর্ব চাপ দিয়ে বিপন্ন করে তুলেছে, যখন রাজ্য জুড়ে প্রান্তিক জনগোষ্ঠীগুলি খাদ্য নিরাপত্তাহীনতার সাথে লড়াই করছে। চরম প্রতিকূলতার মধ্যে, রেস্তোরাঁর মালিকরা তাদের গ্রাহকদের সেবা করার, তাদের কর্মীদের সুরক্ষা দেওয়ার এবং তাদের সম্প্রদায়ের বিপন্যদের খাওয়ানোর অভিনব উপায় তৈরি করেছেন। এই প্রচেষ্টাগুলি নজরে এসেছে এবং রেস্তোঁরা পুনরুজ্জীবিতকরণ প্রোগ্রাম তাদের এই কাজ চালিয়ে যাওয়ার জন্য সংস্থান প্রদান করবে। আমি কৃতজ্ঞ যে রাজ্য তার নিরাপত্তা বেষ্টনীকে প্রশস্ত করেছে এবং এমন একটি কর্মসূচির সূচনা করেছে যা খাদ্য নিরাপত্তাহীনতার বিরুদ্ধে লড়াইরত সম্প্রদায়ের চাহিদা মেটানোর এবং আমাদের প্রতিবেশীদের মধ্যে অভাবীদের খাবার সরবরাহ করতে সাহায্য করার সাথে রেস্তোরাঁগুলিকে সাহায্য করবে।"

রেস্তোরাঁর স্থিতিস্থাপকতা কর্মসূচী তহবিল প্রদান করবে, যা 2021-22 নিউ ইয়র্ক স্টেট বাজেটের অংশ হিসাবে প্রদান করো হয়েছিল, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health) থেকে নিউইয়র্কের রাজ্য জুড়ে দশটি ফুড ব্যাঙ্কের নেটওয়ার্কের কাছে। খাদ্য ব্যাংকের তালিকা এবং তাদের অর্থায়নর পরিমাণ এখানে পাওয়া যাবে।

জরুরী খাদ্য প্রদানকারীরা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটসের (New York State Department of Agriculture and Markets) সাথে এই প্রোগ্রামের জন্য যোগ্য বলে বিবেচিত রেস্তোরাঁগুলির সাথে সরাসরি কাজ করবে। তাদের MyPlate.gov স্ট্যান্ডার্ডের সাথে সামঞ্জস্য রেখে খাবার তৈরির ক্ষমতা দেখাতে হবে, লাইসেন্সের প্রয়োজনীয়তার সাথে হালনাগাদ থাকতে হবে এবং সমস্ত স্বাস্থ্য পরিদর্শন পাস করতে হবে। অংশগ্রহণকারী রেস্তোরাঁগুলোকে যেখানে সম্ভব নিউ ইয়র্কের উপাদান ব্যবহার করতে উৎসাহিত করা হয়। আরো তথ্য এবং প্রোগ্রামের একটি আবেদন পাওয়া যাবে এখানে।

রাজ্য কৃষি কমিশনার রিচার্ড এ বল বলেন, "নারিশ নিউ ইয়র্ক কর্মসূচী মহামারী চলাকালীন যে সব পরিবার খাদ্য সহায়তার প্রয়োজন হয়েছে তাদের চাহিদা মেটাতে এবং আমাদের কৃষকদের যারা মূল বাজার হারানোর সাথে লড়াই করছেন তাদের ত্রাণ প্রদান করার ক্ষেত্রে দুর্দান্ত সাফল্য লাভ করেছে। আমাদের রেস্তোরাঁগুলিকে এখন সাহায্য করার জন্য নারিশ নিউ

ইয়র্ককে মডেল হিসাবে ব্যবহার করে, আমরা আরও বেশি নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছাতে সক্ষম হব এবং আমাদের রেস্তোরাঁগুলির জন্য একটি স্থিতিশীল গ্রাহক ভিত্তি প্রদান করতে পারব যাতে তারা এই চলমান চ্যালেঞ্জিং সময় পার করতে পারেন।"

রাজ্যের স্বাস্থ্য কমিশনার ড: হাওয়ার্ড জুকার বলেন, "খাদ্য নিরাপত্তাহীনতা একটি জনস্বাস্থ্য সমস্যা যা বিশেষভাবে কোভিড-19 মহামারী তুলে ধরেছে। নারিশ নিউ ইয়র্ক প্রোগ্রাম সম্পূর্ণ মহামারী জুড়ে সহায়তা এবং ত্রাণ প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ রয়েছে এবং কেবল পরিবারগুলিকে সাহায্য করার জন্য নয়, রেস্তোরাঁ শিল্পকে পুনরুজ্জীবিত করার জন্যও তাদের মহান কাজ চালিয়ে যাচ্ছে। আমি খাদ্য নিরাপত্তাহীনতার বিরুদ্ধে লড়াই করার এবং নিউ ইয়র্কের পরিবারগুলি আগের চেয়ে স্বাস্থ্যকর এবং শক্তিশালী হোক তা নিশ্চিত করতে সহায়তা করার জন্য আত্মোৎসর্গের জন্য গর্বিত।"

সমাজ সেবা দপ্তরের (Department of Social Services) কমিশনার স্টিভেন ব্যাঙ্কস বলেন, "NYC DSS এ, আমরা বিভিন্ন ধরণের সংস্কার বাস্তবায়ন করেছি যা নিউইয়র্কবাসীদের জন্য প্রয়োজনীয় সংস্থান এবং সুবিধাগুলি অ্যাক্সেস করা সহজ করেছে, যখন তাদের তা প্রয়োজন হয়, অনলাইন/মোবাইল অ্যাপ্লিকেশন সহ। আমরা আরও বেশি বিকল্প যোগ করে এবং প্রবেশাধিকার বৃদ্ধি করে সামাজিক নিরাপত্তা জালিক প্রসারিত করার জন্য রাজ্যের প্রচেষ্টাকে আন্তরিকভাবে সমর্থন করি - এবং আমরা এই অগ্রগতিশীল পরিবর্তন বাস্তবায়নের জন্য উন্মুখ, যা আমাদের মক্কেলদের আরও বিকল্প এবং নমনীয়তা প্রদান করবে, আমাদের শহরের পরিশ্রমী ছোট ব্যবসাগুলিকে সমর্থন করার সাথে।"

মানব সম্পদ প্রশাসক (HRA) গ্যারি জেনকিন্স বলেন, "নিউ ইয়র্কবাসীদের তাদের প্রয়োজনীয় খাদ্য সহায়তার সাথে সংযুক্ত করা আমাদের শীর্ষ অগ্রাধিকারগুলির একটি এবং এটি এমন একটি দায়িত্ব যা আমরা অত্যন্ত গুরুত্ব সহকারে পালন করি। এই গুরুত্বপূর্ণ কর্মসূচিতে সাধারণ জ্ঞানের সংস্কার আনার এই প্রচেষ্টার অংশ হতে পেরে আমরা গর্বিত, যা কেবল আমরা যাদের পরিষেবা প্রদান করি, সেই লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীদের জন্য উপলব্ধ বিকল্পগুলি বৃদ্ধি করবে। সংস্কারের এই সুযোগটি কাজে লাগানোর জন্য আমরা গভর্নর এবং নিউ ইয়র্ক রাজ্যকে সাধুবাদ জানাই, যা কৌশলগতভাবে অনেক গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের আকৃষ্ট করে।"

NYC হসপিটালিটি অ্যালায়েন্সের (NYC Hospitality Alliance) নির্বাহী পরিচালক অ্যান্ড্রু রিগি বলেন, "এই আইনটি খাদ্য-নিরাপত্তাহীন নিউ ইয়র্কবাসীদের রেস্তোরাঁ থেকে গরম খাবার এবং পুষ্টির অ্যাক্সেসের জন্য একটি সৃজনশীল এবং চিন্তাশীল উপায় সরবরাহ করে, এবং সেই সাথে রেস্তোরাঁগুলিকেও ত্রাণ প্রদান করে, যার বেশিরভাগই ছোট ব্যবসা, যা আর্থিকভাবে বিধ্বস্ত হয়েছে মহামারীর কারণে এবং পুনরুদ্ধারের জন্য সংগ্রাম করছে। আমরা এই গুরুত্বপূর্ণ আইন এবং অভিনব কর্মসূচিকে আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলকে তার নেতৃত্বের জন্য সাধুবাদ জানাই।"

NYS রেস্তোরাঁ অ্যাসোসিয়েশনের (NYS Restaurant Association) সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা মেলিসা ফ্লেইশুট বলেন, "কোভিড-19 এর পরে বহু নিউ ইয়র্কবাসী কঠিন আর্থিক অবস্থায় পরেছেন এবং তাদের পরবর্তী খাবার কোথা থেকে আসছে তা সম্পর্কে তারা

অনিশ্চিত। কিন্তু মহামারী আমাদের শিখিয়েছে যে এক সাথে কাজ করার মাধ্যমে, নিউ ইয়র্কবাসীরা দুর্দান্ত জিনিস অর্জন করতে পারে। রেস্তোরাঁ রেসিলেন্সি প্রোগ্রাম হল সেই একই সহযোগিতা ব্যবহার করে খাদ্য নিরাপত্তাহীন নিউ ইয়র্কবাসীর চাহিদাগুলিকে সামঞ্জস্য করার এবং এখনও সংগ্রামরত নিউ ইয়র্ক রেস্তোরাঁ শিল্পের অসাধারণ ব্যক্তিদের এক সঙ্গে এগিয়ে যাওয়ার একটি সৃজনশীল উপায়। গভর্নর হোচুল, কমিশনার বল, সংসদ সদস্য রড্রিগেজ, এবং আমাদের বিধায়কদের ধন্যবাদ জানাই এই কর্মসূচিটি নিয়ে আসার জন্য এবং আমরা নিউ ইয়র্কবাসী এবং আমাদের রেস্তোরাঁ শিল্পকে উপকৃত করার জন্য এটি কার্যকরভাবে বাস্তবায়িত করার জন্য সকল স্টেকহোল্ডারদের সাথে কাজ করার জন্য উদগ্রীব।"

ফিডিং নিউ ইয়র্ক স্টেটের নির্বাহী পরিচালক ড্যান ইগান বলেন, "নিউ ইয়র্কের খাদ্য শিল্পের পাশাপাশি খাদ্য সহায়তা প্রয়োজন এমন তিন মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে নারিশ নিউ ইয়র্ক প্রোগ্রাম সমর্থন অব্যাহত রেখেছে। এই ঘোষণার সাথে সাথে, নারিশ NY রেস্তোরাঁ খাতকে তার কাজের পরিধির মধ্যে নেওয়ার জন্য প্রসারিত হল, যা আমাদের বিপন্ন প্রতিবেশীদের অত্যন্ত উন্নত মানের প্রস্তুত করা খাবার সরবরাহ করার জন্য অনন্যভাবে সুবিধাপ্রাপ্ত। আমরা এখানে গভর্নর হোচুলের নেতৃত্বকে সাধুবাদ জানাই, এবং কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets) সাথে আমাদের দুর্দান্ত টিমওয়ার্ক প্রসারিত করার জন্য উন্মুখ।"

ইয়েমেনি আমেরিকান মার্চেন্টস অ্যাসোসিয়েশনের (Yemeni American Merchants Association) সহ-প্রতিষ্ঠাতা ড: ডেবি আলমন্টাসার বলেন, "কোভিড-19 মহামারী আমাদের দেখিয়েছে যে খাদ্য নিরাপত্তার ক্ষেত্রে রাজ্য জুড়ে আমাদের সম্প্রদায়গুলি কতটা ঝুঁকিপূর্ণ ছিল। মহামারীটি আমাদের প্রবীণ, অক্ষম এবং গৃহহীন জনগোষ্ঠীকে ব্যাপকভাবে প্রভাবিত করেছে। রাজ্য জুড়ে আমাদের বোডেগা, ডেলি এবং রেস্তোরাঁগুলি এটি প্রতক্ষ করেন প্রথম প্রতিক্রিয়াকারী হিসেবে। ইয়েমেনি আমেরিকান মার্চেন্টস অ্যাসোসিয়েশনের সদস্যরা এবং আমি গভর্নর হোচুল, কমিশনার বল, সিনেটর রোক্সান পারসাউড এবং অ্যাসেম্বলিম্যান রড্রিগেজকে সাধুবাদ জানাই আইন S.64/A.1524 স্বাক্ষর করার জন্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন